

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

বিজ্ঞপ্তি

নং- ২৭০৬/হিসাব

তারিখঃ ১৬/০২/২০২৬

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পুনরায় জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ে নিয়মিতভাবে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ১লা জানুয়ারী/২০২৪ তারিখ থেকে ৩-বছর মেয়াদে কার্যকর সাপেক্ষে যৌথ জীবন বীমা ও যৌথ স্বাস্থ্যবীমা সংক্রান্ত বিষয়ে প্রগতি লাইফ ইন্স্যুরেন্স পিএলসি-এর সঙ্গে সম্পাদিত চুক্তির ধারাবাহিকতা অনুযায়ী গত ০১/০১/২০২৬ ইং তারিখ হতে ৩য় বীমাবর্ষ অর্থাৎ শেষ বীমাবর্ষ শুরু হয়েছে। চুক্তিনামা অনুযায়ী জনপ্রতি বার্ষিক প্রিমিয়াম প্রদান সংক্রান্ত বিষয়াদির যার ক্ষেত্রে যেটি প্রয়োজ্য হবে সেটির ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ নিম্নে উপস্থাপন করা হলো।

- ১। চলমান যৌথ জীবন ও যৌথ স্বাস্থ্যবীমা বীমার চুক্তিতে ২০২৫-২০২৬ সেশনে ৬০ বছর বয়সে উপনীত হওয়ার পর নিয়মিত ভাবে ৬৫ বছর বয়স পর্যন্ত চাকুরীরত শিক্ষকবৃন্দের ক্ষেত্রেও যৌথ বীমার অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ২। চলমান যৌথ জীবন ও যৌথ স্বাস্থ্যবীমা বীমার চুক্তিতে ২০২৫-২০২৬ সেশনে চাকুরীর মেয়াদ সম্প্রসারণের মাধ্যমে ৬০ বছর বয়সে উপনীত হওয়ার পর ৬৫ বছর পর্যন্ত চাকুরীরত কর্মকর্তাদের ক্ষেত্রে যৌথ বীমার অন্তর্ভুক্ত করা হয়েছে।
- ৩। ০১-০১-২০২৪ তারিখ হতে চলমান যৌথ স্বাস্থ্যবীমার চুক্তিপত্রের "Clause-II" এর (C) ও (D) উপ-ধারা অনুযায়ী যে সকল শিক্ষক/কর্মকর্তা, ৩য় শ্রেণী ও ৪র্থ কর্মচারীবৃন্দ তাদের পরিবারিক যথোপযুক্ত সদস্যদের ০১-০১-২০২৪ তারিখ হতে বা বীমা চুক্তি চলাকালীন সময়ে যা যৌথ স্বাস্থ্যবীমায় অন্তর্ভুক্ত করেননি পরবর্তী ২ (দুই) বছরের মধ্যে তাদেরকে যৌথ স্বাস্থ্যবীমাত্মক করার সুযোগ নেই।
- ৪। Newly married Employee-এর স্ত্রী/স্বামী(Spouse)-কে, New born Baby-কে এবং নতুন নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা, ৩য় শ্রেণী ও ৪র্থ কর্মচারীবৃন্দের পরিবারের নির্ভরশীল স্ত্রী/স্বামী(Spouse) এবং নির্ভরশীল সন্তানদেরকে Option দাখিলের মাধ্যমে যৌথ স্বাস্থ্যবীমাত্মক করা যাবে।
- ৫। কর্মরত যে সকল শিক্ষক, কর্মকর্তা, ৩য় শ্রেণী ও ৪র্থ কর্মচারীবৃন্দ ইতোপূর্বে তাদের পরিবারের নির্ভরশীল স্ত্রী/স্বামী (Spouse) এবং সন্তানদেরকে যৌথ স্বাস্থ্যবীমায় অন্তর্ভুক্ত করেছেন তাদের জন্য নিম্নোক্ত নির্ধারিত হারে প্রদেয় প্রিমিয়ামের অর্থ ১৬ইং ফেব্রুয়ারী/২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ক্যাশ কাউন্টারে এক-কালীন নগদ অর্থ জমা প্রদান করতে হবে এবং জমা রশিদ নিম্ন স্বাক্ষরকারীর অফিসে আগামী ১৬/০২/২০২৬ তারিখের মধ্যে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কেহ তাদের পরিবারের নির্ভরশীল স্ত্রী/স্বামী, সন্তান ও পিতা-মাতার যৌথ স্বাস্থ্যবীমার প্রিমিয়াম বিশ্ববিদ্যালয়ের ক্যাশ কাউন্টারে এক-কালীন নগদ অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে ফেব্রুয়ারী/২০২৬ মাসের সংশ্লিষ্ট সকল শিক্ষক, কর্মকর্তা, ৩য় শ্রেণী ও ৪র্থ কর্মচারীগণের প্রদত্তব্য মাসিক বেতন বিল হতে এককালীন কর্তন করে রাখা হবে।

অতএব, বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করণের লক্ষ্যে উপরোক্ত বিষয়ে ব্যাপক প্রচারের জন্য এবং যে সকল শিক্ষক/কর্মকর্তা শিক্ষা ছুটিতে দেশে/বিদেশে আছেন তাঁদেরকে বিষয়টি অবহিত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগ/শাখা প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। বিষয়টি অত্যন্ত জরুরী।

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের যৌথ জীবনবীমা ও যৌথ স্বাস্থ্যবীমার বার্ষিক প্রিমিয়ামের হারঃ-

ক্রমিক নং	শ্রেণী	যৌথ জীবন বীমার বার্ষিক মোট প্রিমিয়াম	যৌথ স্বাস্থ্য বীমার বার্ষিক মোট প্রিমিয়াম	মন্তব্য
১।	শিক্ষক ও কর্মকর্তা	৩৮৫০/-এর ৫০% ১৯২৫/-	৪৯৯০/-এর ৫০% ২৪৯৫/-	মাসিক ১২ কিস্তিতে অবশিষ্ট ৫০% বিশ্ববিদ্যালয় কর্তৃক দেয়
২।	শিক্ষক ও কর্মকর্তা (যাটোর্ধ বয়স)	৮৫০০/-এর ৫০% ৪২৫০/-	৯০০০/-এর ৫০% ৪৫০০/-	মাসিক ১২ কিস্তিতে অবশিষ্ট ৫০% বিশ্ববিদ্যালয় কর্তৃক দেয়
৩।	৩য় শ্রেণীর কর্মচারী	১৯২৫/-এর ৫০% ৯৬২/৫০	২৯৫০/-এর ৫০% ১৪৭৫/-	মাসিক ১২ কিস্তিতে অবশিষ্ট ৫০% বিশ্ববিদ্যালয় কর্তৃক দেয়
৪।	৪র্থ শ্রেণীর কর্মচারী	১২৫১/২৫এর ৫০% ৬২৫/৬৩	২৩৫০/-এর ৫০% ১১৭৫/-	মাসিক ১২ কিস্তিতে অবশিষ্ট ৫০% বিশ্ববিদ্যালয় কর্তৃক দেয়

পারিবারিক সদস্যদের যৌথ স্বাস্থ্যবীমার জন্য জনপ্রতি বার্ষিক প্রিমিয়ামের হারঃ

ক্রমিক নং	পরিবারের নির্ভরশীল সদস্যের প্রকৃতি	জনপ্রতি বার্ষিক প্রিমিয়ামের হার (অফেরতযোগ্য)			মন্তব্য
		শিক্ষক/কর্মকর্তা	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	
১।	স্বামী/স্ত্রী(Spouse)	টঃ ৪,০০০/-	টঃ ২,৬০০/-	টঃ ২,২০০/-	
২।	সন্তান	টঃ ৩,০০০/-	টঃ ২,১০০/-	টঃ ২,০০০/-	অবিবাহিত ২৫ বছর বয়স পর্যন্ত
৩।	পিতা-মাতা	টঃ ১০,০০০/-	টঃ ৬,৭০০/-	টঃ ৪,৮০০/-	৬৫ বছর পর্যন্ত

মাননীয় ডাইস-চ্যাসেলর মহোদয়ের সদয় অনুমোদনক্রমে

স্বা/-

ড্রেজারার (অ.দা.)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ময়মনসিংহ

তারিখঃ ১৬/০২/২০২৬

মেমো নংঃ /হিসাব

সদয় অবগতি ও সংশ্লিষ্টদের মধ্যে প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হ'লঃ-

- ১। সকল অনুষ্ঠানীয় ডীন মহোদয়গণ
- ২। কো-অর্ডিনেটর মহোদয়, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি
- ৩। ছাত্র বিষয়ক উপদেষ্টা মহোদয়
- ৪। রেজিস্ট্রার মহোদয়
- ৫। সকল বিভাগ, শাখা অফিস প্রধান মহোদয়গণ
- ৬। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য সচিবালয়, মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে
- ৭। হিসাব শাখার সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

ড্রেজারার (অ.দা.)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ময়মনসিংহ